সম্প্রীতি

নভেম্বর,২০২১

"সামাজিক সংযোগ উন্নতিকরন প্রকল্প" এর কার্যক্রম সম্পর্কিত বুলেটিন। কক্সবাজারের উখিয়া এবং টেকনাফের রাজাপালং, হোয়াইক্যং, হ্নীলা ইউনিয়ন এবং রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে 'সামাজিক সংযোগ' উন্নয়নের লক্ষ্যে ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

### স্থানীয় তরুণ-তরুণীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

## বেকার তরুণ-তরুণীদের কর্মদক্ষ এবং র্কমসংস্থানের সুযোগ তৈরি করতে কোস্ট ফাউন্ডেশন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করছে



B‡j±Kv¨ nvDm Iq¨wis Kv‡m nv‡Z Kj‡g cÖwkÿY wb‡"Q AskMÖnbKvixiv| Qwe- ‡gv: kvnvRvnv

কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর এর সহযোগিতায় সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ড্রাইভিং, মাইক্রোসফট অফিস প্রোগ্রাম এবং ইলেকট্রিক হাউস ওয়্যারিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান র্কাযক্রম শুরু করেছে। অক্টোবর, ২০২১ মাসে উক্ত প্রশিক্ষণ র্কাযকম শুরু হয়। করছে। উখিয়া এবং হোয়াইক্যংয়ে পৃথক চারটি ব্যাচের ট্রেনিং কার্যক্রমে মোট ৯৩ জন তরুণ-তরুণী এই প্রশিক্ষণে অংশ নিচ্ছে। মাইক্রোসফট অফিস প্রোগ্রামে ৪০ জন, ইলেকট্রিক হাউস ওয়্যারিং এ ৪০ জন এবং ড্রাইভিং এ ১৩ জন এই প্রশিক্ষণ গ্রহন করছে। কোস্ট ফাউন্ডেশন এবং এআইটি (একাডেমি অব ইনফরমেশন টেকনোলোজি) এর মধ্যে সম্পাদিত চুক্তির ভিত্তিতে এআইটি উক্ত প্রশিক্ষণ র্কাযক্রম পরিচালনা করছেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত এই প্রতিষ্ঠান প্রতিটি ট্রেডের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষর্ণাথীদের মুল্যায়ণের ভিত্তিতে সনদ প্রদান করবে। উল্লেখ্য যে প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনের দিনে ইউএনএইচসিআর লাইভলিহোড অফিসার জনাব সুব্রত কুমার উপস্থিত ছিলেন। এসময় তিনি এআইটির প্রশিক্ষণ কেন্দ্রসমুহ পরির্দশন করেন এবং প্রশিক্ষর্ণাথীদের সাথে কথা বলেন। সুব্রত চক্রর্বতী এসময় বলেন-"আমাদের উচিত প্রশিক্ষণ শেষে যেন এইসব প্রশিক্ষর্ণথীরা যেন চাকরির সুযোগ পায়, সেক্ষেত্রে আমি কোস্ট কে অনুরোধ যেন পরর্বতীতে তারা প্রশিক্ষিত এই তরুণ-তরুণীদের চাকরি বা উর্পাজনমুখী কাজের সাথে যুক্ত যেন সহযোগীতা করে"। স্থানীয়দের পাশাপাশি মোট ৬০ জন রোহিঙ্গাকেও তিনটি ভিন্ন ট্রেডে দক্ষতা বৃদ্ধিমুলক প্রশিক্ষণ প্রদান করবে। ৮ নভেম্বর মাস থেকে ক্যাম্প ১ ওয়েস্ট এবং ২২ এ স্যোলার প্যানেল মেরামত, এলপিজি র্বানার রক্ষণাবেক্ষণ এবং রাজমিস্ত্রির কাজের প্রশিক্ষণ শুরু হবে। কারিগরি দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ ছাড়াও কোস্ট সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ক্লাব সদস্যদের নেতৃত্বের সক্ষমতা জোরদার করতে এবং সামাজিক সংযোগ বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখতে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করছে।




## কোস্ট ফাউন্ডেশন এর সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ড্রাইভিং প্রশিক্ষণ নিচ্ছে রোকেয়া জাহান

রোকেয়া জাহান, দারুণ আগ্রহী এবং পরিশ্রমী একজন নারী। বসবাস করেন উখিয়ার রাজাপালং ইউনিয়নের মুহুরীপাড়া নামক গ্রামে। পরিবারের একমাত্র উর্পাজনক্ষম ব্যক্তি তার বাবা মারা যাওয়াতে পড়ে যান চরম র্অথনৈতিক সংকটে। যার ধরুন বন্ধ হয়ে যায় তার পড়াশোনা। দায়িত্ব নিতে হয় তার পরিবারের। কিন্তু উচ্চ মাধ্যমিক পাশ করা রোকেয়া জাহান এর এই অল্প পড়াশোনায় চাকরি পাওয়া দুস্কর হয়ে যায়। কিন্তু তার ব্যতিক্রম কিছু করার অদম্য ইচ্ছা তাকে দমাতে পারেনি। সিদ্ধান্ত নেয় সে এমন কিছু করবে যা তার চারপাশের মেয়েরা করার চিন্তা কখনো করেনি। স্থানীয় ইউপি সদস্যের মাধ্যমে সে খবর পায় কোস্ট ফাউন্ডেশন ইউএনএইসসিআর এর সহায়তায় স্থানীয় বেকার তরুণ-তরুণীদের ড্রাইভিং এর প্রশিক্ষণ প্রদান করছে। সেপ্টেম্বর ২০২১ এ রোকেয়া জাহান কোস্ট সামাজিক সংযোগ প্রকল্পের র্কমীদের সাথে যোগাযোগ করে এবং ড্রাইভিং প্রশিক্ষণ শেখার বিষয়ে আগ্রহ প্রকাশ করে। বর্তমানে রোকেয়া জাহান নিয়মিত ড্রাইভিং প্রশিক্ষণে অংশগ্রহন করছে।



**রোহিঙ্গা ক্যাম্পে নেতৃত্ব এবং দ্বন্দ্ব নিরসন বিষয়ে প্রশিক্ষণ**

## "একজন যোগ্য নেতা হতে এবং ক্যাম্পে সম্ভাব্য দ্বন্দ্ব ঝুকি নিরসনে এই ধরনের প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে- রোহিঙ্গা কমিউনিটি লিডার হামিদ আলী



*K¨v¤ú 1B÷ G †Uwbs cwiPvjbv Ki‡Qb cK‡í i KwgDwb‡Kkb Ges WK‡g‡›Ukb Awdmvi ZvbwRi iwb| Qwe-RjwdKvi †nvmvBb*

কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর এর সহযোগিতায় গত ২৮ ও ৩১ শে অক্টোবর ২০২১ সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় নেতৃত্ব এবং দ্বন্দ্ব ব্যবস্থাপনা বিষয়ে দুটি ব্যাচে ক্যাম্প ২২ এবং ১ইস্ট এ প্রশিক্ষণের আয়োজন করে। রোহিঙ্গা যুবকদের মধ্যে ইতিবাচক নেতৃত্ব বিকাশে এবং দ্বন্দ্ব ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষিত করতে দিনব্যাপী এই প্রশিক্ষণের আয়াজন করেন। প্রতি ব্যাচে ২০ জন করে মোট ৪০ জন রোহিঙ্গা যুবকের অংশগ্রহণে সফলভাবে প্রশিক্ষণ আয়োজন করা হয়। আলোচনা পব, পিপিটি প্রর্দশন, রোল প্লে, দলগত কাজ এবং সমাপনী পর্বের মাধ্যমে এই অংশগ্রহনমুলক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রকল্পের উদ্দেশ্যকে মাথায় রেখে ব্যবহারিক আলোচনা এবং রোল প্লে'র মাধ্যমে প্রশিক্ষণ কোর্সটি সাজানো হয় যাতে করে প্রশিক্ষর্ণাথী সহজে বুঝতে পারে। প্রশিক্ষণে আলোচনার বিষয়বস্তু ছিল-নেতৃত্ব কি? নেতা বলতে কি বুঝায়? শাসক কে? একজন নেতার কি কি গুনাবলী থাকা দরকার? একজন নেতা কি করেন? কে একজন চমৎকার নেতা? দ্বন্দ্ব কি জিনিস? কেন দ্বন্দ্ব তৈরি হয়? দ্বন্দ্বের ধরন, দ্বন্দ্ব ব্যবস্থাপনার কৌশল কি? মধ্যস্থতাকারী বলতে কি বুঝি? মধ্যস্থতাকারীর ভুমিকা কি সহ আরো অন্যান্য বিষয়। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা প্রশিক্ষণে তাদের শিখন এবং র্অজন নিয়ে সমাপনী মন্তব্য করেন। ২৫ বছরের এক রোহিঙ্গা নেতা, হামিদ আলী বলেন "একজন প্রকৃত নেতা হতে জ্ঞানর্অজনের কোন বিকল্প নেই। একজন আর্দশবান নেতা হতে এবং দ্বন্দ্ব নিরসনের বিষয়ে জানতে হলে এই ধরনের প্রশিক্ষণের আরো প্রয়োজন রয়েছে"। প্রশিক্ষণের সমাপনী পর্বে ক্যাম্প ব্যস্থাপনা এর সিএমএ জনাব সিরাজুল ইসলাম ক্যাম্পের সার্বিক অবস্থা এবং আইনকানুন বিষয়ে সবাইকে সচেতন করেন এবং তিনি কোস্টের ক্যাম্পে পরিচালিত সামাজিক সংযোগ প্রকল্পের র্কাযক্রমের প্রশংসা করেন।

## কাজের লক্ষ্যমাত্রা ও র্অজন,অক্টোবর ২০২১

| কাজের নাম | লক্ষ্যমাত্রা | র্অজন |
|---|---|---|
| রোহিঙ্গা ক্যাম্পে নেতৃত্ব এবং দ্বন্দ্ব নিরসন বিষয়ে প্রশিক্ষণ | ২ব্যাচ | ২ব্যাচ |
| রোহিঙ্গা এবং স্থানীয় যুবকদের মধ্যে বন্ধু সভা | ২ | ২ |

**রোহিঙ্গা এবং স্থানীয় যুবকদের মধ্যে বন্ধু সভা**

## প্রত্যাবাসন না হওয়া র্পযন্ত সামাজিক সংযোগ এবং শান্তির্পূণ সহাবস্থান নিশ্চিত করতে উভয় জনগোষ্ঠীর যুবকরা কাজ করছে

কোস্ট সামাজিক সংযোগ প্রকল্পের মাধ্যমে স্থানীয় এবং ক্যাম্প এলাকা উভয় ক্ষেত্রেই সামাজিক সংযোগ র্কাযক্রমের সাথে বিভিন্ন শ্রেণীর অংশগ্রহণকারীদের যুক্ত করার জন্য কাজ করছে। কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর এর সহযোগিতায় সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ২০২১ সালের অক্টোবর মাসে সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ক্যাম্প ১ইস্ট এবং ২২ এ রোহিঙ্গা এবং স্থানীয় যুবকদের মাঝে ০২ টি বন্ধু সভা আয়োজন করে। সামাজিক দূরত্ব বজায় রেখে এবং কোভিড সংক্রমন রোধ ব্যবস্থা রেখে সভা সমূহ পরিচালনা করা হয়। বৈঠকে উভয়ই সহাবস্থান নিশ্চিত করার জন্য সামাজিক সংযোগ বৃদ্ধিতে করনীয় এবং এবং চ্যালেঞ্জসমুহ নিয়ে আলোচনা করে। অংশগ্রহণকারীরা তাদের নিজস্ব জনগোষ্ঠীর উন্নতির জন্য কীভাবে কাজ করবেন সে সম্পর্কে তাদের চিন্তাভাবনা এবং মতামত প্রদান করে। ৪০ জনেরও বেশি রোহিঙ্গা ও স্থানীয় যুবক সভায় অংশগ্রহন করনে। সভায় তারা ভবিষ্যতে সামাজিক সংযোগ বৃদ্ধিকরণে কাজ করার র্কমপরিকল্পনা তৈরি করেন।

**প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য**

COAST Foundation

কোস্ট ফাউন্ডেশন কক্সবাজার কেন্দ্র, ফোন:০৩৪১-৬৩১৮৬, মোবাইল:০১৭১৩-৩২৮৮২৭